দৈনিক খবর

তারিখ ...23 JAN 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

৬ ১২

## চট্টগ্রাম ভার্সিটি ঘটনা ঃ তদন্ত কমিশনের কাজ শুরু

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ২২শে জানুয়ারী।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ঘটনা তদন্তে গঠিত কমিশনের কাজ আজ শুরু হয়েছে।

শেষ পৃষ্ঠায় ১ম কলামে

## চট্টগ্রাম ভার্সিটি

প্রথম পৃষ্ঠার পর

অপরদিকে বিশ্ববিদ্যালয় সর্বদলীয় ছাত্র ঐক্য ফারুক হত্যাকারীদের অবিলম্বে গ্রেফতারের আহবান জানিয়েছে।

গত ২২শে ডিসেম্বর বিশ্ববিদ্যালয়ে উক্ত সন্ত্রাসী ঘটনায় ছাত্র-ছাত্রী ও শিক্ষক-শিক্ষিকাসহ বহু আহত হন এবং ছাত্র নেতা ফারুকুজ্জামান ফারুক নিহত হয়। ঘটনার তদন্তে গঠিত কমিশনের কাজ আজ হাই কোর্ট ভবনে শুরু হয়েছে। কোন্ অবস্থার প্রেক্ষিতে ঘটনাটি ঘটেছে তা নির্ণয়, ঘটনার জন্যে দায়ীদের চিহ্নিতকরণ এবং পুনরাবৃত্তি রোধে সুপারিশের লক্ষ্যে সরকার এ কমিশন গঠন করেছে। আজ থেকে ২৪শে জানুয়ারী বেলা ২টা পর্যন্ত কমিশন সাক্ষ্য গ্রহণ করবেন। আজ বিশ্ববিদ্যালয়ের অনেক ছাত্র-শিক্ষক ঘটনার ব্যাপারে কমিশনের কাছে সাক্ষ্য দিয়েছেন। বেলা ১২টার দিকে মাইক্রোবাসযোগে কমিশনের কাছে যাবার পথে প্রতিপক্ষের হাতে একদল ছাত্র আক্রান্ত হন। হামলায় গাড়ীর কাঁচ ভাঙচুর হয়েছে এবং চালক ও ১ জন ছাত্র আহত হয়। অপরদিকে কোন কোন ছাত্র-শিক্ষক কমিশনের কাছে যাওয়ার পথে একদল ছাত্র তাদেরকে বাধা দিয়েছে এবং ত্রাস সৃষ্টির অপতৎপরতা চালানো হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে।

সর্বদলীয় ছাত্র ঐক্য, চাকসু ও হল সংসদের কর্মকর্তাদের এক জরুরী প্রতিনিধি সভা আজ বিকেলে দোস্ত বিল্ডিংয়ে জাতীয় ছাত্রলীগ কার্যালয়ে অনুষ্ঠিত হয়। চাকসু ভিপি নাজিম উদ্দীন সভাপতিত্ব করেন। মনজুর আলম শাহীন, অশোক বড়ুয়া, ফখরুল ইসলাম, নাজমুল করিম দুলাল, অনুপ খাস্তগীর, মোঃ সেলিম, মাহবুবুর রহমান, জাহেদ হাসান চৌধুরী, মহিউদ্দিন, শ্যামল ধর, জামিলা আকতার চট্টলা, সাইফুদ্দীন খালেদ খসরু, সেলিনা শেলী, রুবানা কাফি ঝর্না ও আব্দুল ওয়ালী বক্তব্য রাখেন। সভায় চাকসু ভিপি বলেন, ২২শে ডিসেম্বরের ঘটনায় ইসলামী ছাত্র শিবিরের সশস্ত্র হামলায় ২শ' জন আহত হয় এবং ছাত্রনেতা ফারুক মারা যায়। আহতদের অনেকে এখনো দেশের বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। ফারুকের হত্যাকারীরা প্রশাসনের নাকের ডগায় ঘুরে বেড়াচ্ছে, কিন্তু তাদেরকে গ্রেফতার করা হচ্ছে না।